কোটচাঁদপুরে জাতীয় ও সংহতি দিবস পালিত

৭ই নভেম্বরের চেতনায় জাগ্রত হোক গণতন্ত্র ও মানুষের ভোটের অধিকারের সংগ্রাম এ শ্লোগানে কোটচাঁদপুরে বিএনপি পালন করেছেন জাতীয় বিপ্লব ও সংহতি দিবস। সোমবার বিকালে স্থানীয় মেইনবাসস্ট্যান্ডের দলীয় কার্যালয়ে দিবসটি পালিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, উপজেলা বিএনপির সহসভাপতি মিজানুর রহমান লাবলু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী,জেলা কমিটির প্রশিক্ষন বিষয়ক সম্পাদক মোস্তফা সাঈদ,জেলা বিএনপির সদস্য আশরাফ আলী, ফরিদ আহম্মেদ,উপজেলা বিএনপির নেতা মোহাম্মদ আলী,সাইফুর রহমান মিন্টু,রফিকুল ইসলাম,উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল। সভা সঞ্চালনা করেন উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

ঝিনাইদহে বিএনপি,ছাত্রলীগ ও পুলিশের সংঘর্ষ ধাওয়া পাল্টা ধাওয়া, আহত ১৫

ঝিনাইদহে বিএনপি ও ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে একজন ব্যাংক কর্মকর্তাসহ উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছেন। ভাংচুর করা হয়েছে ব্যবসায় প্রতিষ্ঠান।

আজ সোমবার (৭ নভেম্বর) দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট এলাকায়

এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুরে মুক্তিযোদ্ধা সৈনিক হত্যা দিবস উপলক্ষে সরকারি কেসি কলেজ থেকে একটি মিছিল বের করে জেলা ছাত্রলীগ।

অপরদিকে ঝিনাইদহ প্রেসক্লাব চত্বরে বিপ্লব ও সংহতি দিবস পালন উপলক্ষে বিএনপি’র নেতাকর্মীরা জড়ো হতে থাকে। ছাত্রলীগের মিছিলটি শহরের পুরাতন ডিসি কোর্টের সামনে পৌঁছালে অপর দিক থেকে আসা বিএনপি’র মিছিলের নেতাকর্মীদের সাথে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে শুরু হয় ইটপাটকেল নিক্ষেপ ও সংঘর্ষ। বিএনপি নেতাকর্মীদের ধাওয়া খেয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা পিছু হটে যায়। ছাত্রলীগের নেতাকর্মীরা শহরে পোস্ট অফিস মোড়ে অবস্থান করলে বিএনপি নেতাকর্মীরা জেলা যুবলীগের সভাপতি আশফাক মাহমুদ জনের মালিকাধীন ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর করে।

পরে ছাত্রলীগ ও যুবলীগের নেতা কর্মীরা মিছিল নিয়ে এসে বিএনপি’র অফিসে হামলা চালায়। পুলিশ উভয় পক্ষকে সরিয়ে দিতে গেলে ছাত্রলীগের সাথে পুলিশের ধস্তাধস্তি হয়। একপর্যায়ে পুলিশ লাঠি চার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। বর্তমানে ঝিনাইদহ শহরে থমথমে অবস্থা বিরাজ করায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন বলেন, ছাত্রলীগের নেতাকর্মীরা শান্তিপুর্ণ মিছিল করছিলো। সেখানে বিএনপির নেতাকর্মীরা অতর্কিত হামলা চালিয়ে আমাদের বেশ কয়েকজন নেতাকর্মীকে আহত করেছে। তারা আমার ব্যবসায় প্রতিষ্ঠান ভাংচুর করেছে। তিনি অভিযোগ করে বলেন, পুলিশের উপস্থিতিতে ছাত্রলীগের নেতাকর্মীদের উপর হামলা করা হয়েছে।

এদিকে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ বলেন, আমরা শান্তিপুর্ণ ভাবে বিপ্লব ও সংহতি দিবসের প্রোগ্রাম করছিলাম। সেখানে ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা চালায়। যুবলীগ নেতার ব্যবসায় প্রতিষ্ঠান ভাংচুরের বিষয়টি তিনি অস্বীকার করেন।

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার বলেন, উভয় পক্ষকে ছত্রভঙ্গ করে দেওয়া হয়েছে বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। শহরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

কোটচাঁদপুরে সংখ্যালঘু একটি পরিবারকে নির্যাতনের অভিযোগে ইউপি সদস্যের বিরুদ্ধে মামলা

কোটচাঁদপুরে ইউপি সদস্য কর্তৃক সংখ্যালঘু পরিবারের উপর হামলা ও শ্লীলতাহানির অভিযোগে ঝিনাইদহ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলা হয়েছে।

গত ১ নভেম্বর কোটচাঁদপুর উপজেলার কাগমারী গ্রামের হালদার পাড়ার মদনের স্ত্রী যশোধা রানী বাদী হয়ে এ মামলা দায়ের করেন। বিজ্ঞ আদালত বাদীর অভিযোগ আমলে নিয়ে ২৮ নভেম্বরের মধ্যে কোটচাঁদপুর মডেল থানার ওসিকে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন।

মামলার বিবরণে বলা হয় গত ৩১ অক্টোবর সকাল সাড়ে ৯ টার দিকে বলুহর ইউনিয়নের ৪নং ওয়ার্ড সদস্য সাহাবুল ইসলামের নেতৃত্বে ৪/৫ জন লোক জোটবদ্ধ হয়ে জোর পূর্বক বসত বাড়িতে ঢুকে বাদির স্বামী সাধন কুমার ও তার একমাত্র ছেলে পলাশ কুমারকে মারপিট করে। এ সময় ইউপি সদস্য সাহাবুল তার হাতে থাকা লাঠি দিয়ে এলোপাতাড়ি পিটিয়ে যশোদা রানীকে জখম করে। হামলাকারীরা বাদীর পরনের কাপড়-চোপড় টেনে হেছড়ে বে-আবরু করে। সে সময় আসামীরা বাদীর গলায় থাকা ১০ আনা ওজনের সোনার চেইন, ঘরে থাকা ১ জোড়া বালা, ১ জোড়া কানের দুল ও ১টি আংটি নিয়ে যায়।

মামলায় অভিযুক্ত ২নং আসামী বাবুল ঘরের বাক্সে থাকা নগদ ৫০ হাজার টাকা বের করে নেয়। এ ঘটনার পর গত ৩ নভেম্বর যশোদা রানী ইউপি সদস্য সাহাবুলের বিরুদ্ধে আইনগত প্রতিকার চেয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক ও কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন।

এ ব্যাপারে যশোদা রানীর সাথে কথা হলে তিনি বলেন, ৩১ অক্টোবর সকালে আমার বিবাহিত মেয়ে পিংকি রানীকে ইউপি সদস্য সাহাবুল মারপিট করে। তাছাড়া এ ইউপি সদস্য দীর্ঘদিন ধরে আমাকে অনৈতিক প্রস্তাব

দিয়ে আসছেন। তার প্রস্তাবে রাজী না হওয়ায় আমাকে, আমার স্বামী ও ছেলেকে মারধর করে।

এ ঘটনার পর গত ৩ নভেম্বর রাতের কোন এক সময় সাহাবুল মেম্বারের লোকজন আমার ছেলে পলাশের আলমসাধুর ইঞ্জিনের মবিল চেম্বারে বালি দিয়ে দেয়। পরদিন সকালে আলমসাধু চালু করে কিছুদুর যাওয়ার পর বিকট শব্দ বিস্ফোরণ হয়।

যশোদা রানী বলেন এনজিও থেকে ১ লক্ষ ২০ হাজার টাকা ঋণ নিয়ে এ আলমসাধুটি কেনা হয়েছে। এটি বিকল হওয়ার কারণে এনজিও’র কিস্তির টাকা যোগাড় করা আমার পক্ষে অসম্ভব হয়ে পড়েছে।

ইউপি সদস্য সাহাবুলের সাথে কথা হলে তিনি বলেন আমি যশোদা রানীকে মারধর কিংবা শ্লীলতাহানি করিনি। তবে যশোদার সহযোগী শফিকুল দালালকে মারধর করেছি। তাছাড়া আমার বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ করা হয়েছে তা আদৌ সত্য নয়।

কোটচাঁদপুরে নগর সমন্বয় কমিটির সভা

রবিবার দুপুরে কোটচাঁদপুর পৌর ভবনে নগর সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর পৌর মেয়র সহিদুজ্জামান সেলিমের সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য রাখেন নির্বাহী প্রকৌশলী মামুনুর রশিদ। বক্তব্য রাখেন কাউন্সিলর আব্দুল মাজেদ, মাহবুবুল আলম হানিফ, প্যানেল মেয়র-২ জাহিদ হোসেন, প্যানেল মেয়র-১ সোহেল আরমান। নগর সমন্বয় কমিটির সদস্য সাংবাদিক কামাল হাওলাদার, ঊষা সমাজ কল্যাণ সংস্থা নির্বাহী পরিচালক আব্দুল হান্নান, প্রধান শিক্ষক শাহানা আফরোজ ডলি প্রমুখ।

এ সভায় শিক্ষক, সাংবাদিক, সরকারি প্রতিনিধি, সুশীল সমাজের নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য কোভিড-১৯ প্রতিরোধে বিশ্বব্যাংক এ প্রকল্পের অর্থায়ন করছে।

ঝিনাইদহে বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় জোহান ড্রীমভ্যালী পার্কে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সৈয়দ আল এমরানের সভাপতিত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আঃ মান্নান রানা।

এছাড়াও ঝিনাইদহ প্রেসক্লাবের প্রচার সম্পাদক ও খুলনা মহানগরের সাবেক ছাত্র নেতা শামীমুল ইসলাম শামীম, জেলা সৈনিক লীগের সহ সভাপতি আতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক বি এম শফি উদ্দিন, আক্তারুজ্জামান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাহেদ কবির লিমন, জেলা সৈনিক লীগ নেতা মোস্তফা কামাল, আলম গীর হোসেনসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিল।

বক্তারা বলেন আগামী ১৮ নভেম্বরের কেন্দ্রীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মলনের মধ্যদিয়ে আমরা আশা করছি বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা আমাদের এই সংগঠনকে বাংলাদেশ আওয়ামী লীগের সহযোগী সংগঠন হিসেবে স্বীকৃতি দেবেন। বক্তারা আরো বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ দলীয় প্রার্থীকে জয়লাভের জন্য মাঠে সৈনিক লীগের নেতা কর্মীদের সক্রিয় কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস পালিত

‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৫১তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

জেলা সমবায় বিভাগের আয়োজনে শনিবার সকালে পুরাতন ডিসি অফিস থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি শহর প্রদক্ষিন করে জেলা শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি সাইদুল করিম মিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম। বিশেষ অতিথি হিসেবে ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম শাহীন, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি মিজানুর রহমান ও জেলা সমবায় অফিসার জাফর ইকবাল।

বক্তারা, দেশের উন্নয়নে আধুনিক প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ব্যবস্থাপনার মাধ্যমে সমবায় পরিচালিত করার আহ্বান জানান। সেই সাথে সমবায়ের নামে সুদ ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর হুশিয়ারি দেন।

কোটচাঁদপুরে নানা আয়োজনে ৫১ তম জাতীয় সমবায় দিবস পালিত

সমবায় শক্তি, সমবায় মুক্তি – “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ৫১ তম জাতীয় সমবায় দিবস- ২০২২ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ শেষে জাতীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ’র সভাপতিত্বে ও মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের সঞ্চালনায়।

স্বাগত বক্তব্য রাখেন সহকারী পরিদর্শক ও উপজেলা সমবায় অফিসার (দায়িত্বপ্রাপ্ত) মোছাঃ তাহমিনা আক্তার। জাতীয় সমবায় দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান ও আওয়ামিলীগ সভাপতি শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল, বলুহর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বজলুর রহমান, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, পল্লী সঞ্চয় কর্মকর্তা চম্পা অধিকারী, উপজেলা কৃষক লীগের সহ-সভাপতি আনোয়ার হোসেন মুকুল, সহকারী পরিদর্শক মোঃ হারুন-উর রশিদ, উষা সমবায় সমিতির সভাপতি আব্দুল হান্নান, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক খোন্দকার আব্দুল্লাহ বাশার প্রমুখ।

সে সময় বক্তারা সমবায় সমিতি সম্পৃক্ত বিভিন্ন উন্নয়ন মূলোক কর্মকাণ্ড তুলে ধরে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। এ সময় বিভিন্ন সমবায় সমিতির সদস্য সহ উপজেলা প্রশাসনে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

দুই নেতার আত্মার মাগফিরাত কামনায় কোটচাঁদপুর বিএনপি’র দোয়া ও আলোচনা সভা

বিএনপি’র সাবেক স্থায়ী কমিটির সদস্য মন্ত্রী, সংসদ সদস্য, যশোর জেলা বিএনপি’র সভাপতি ও দক্ষিণ বঙ্গের কৃতি সন্তান মরহুম তরিকুল ইসলাম ও বিএনপি’র সাবেক চেয়ারপার্সনের উপদেষ্টা সংসদ সদস্য, বীর মুক্তি যোদ্ধা, ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি মরহুম আলহাজ্ব মশিউর রহমানের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কোটচাঁদপুর উপজেলা ও পৌর শাখার উদ্দগে উপজেলা বিএনপির মেইন বাসস্ট্যান্ড

দলিও কার্যালয়ে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সাবেক পৌর মেয়র ও পৌর বিএনপি’র সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডলের সভাপতিত্বে দোয়া ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি এ্যাডঃ এম এ মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা,সাংগঠনিক সম্পাদক মাজেদুর রহমান পপ্পু, জেলা বিএনপি’র সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, জেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, জেলা বিএনপি’র প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক মস্তফা সাইদ, জেলা বিএনপি’র শিশু বিষয়ক সম্পাদক ফারুকুল আলম শেখা, জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন-অর- রশিদ, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু প্রমুখ।

সে সময় উপস্থিত ছিলেন যুবদল, ছাত্রদল, শ্রমিকদল,কৃষকদল,সেচ্ছাসেবকদল সহ বিএনপি’র সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী বৃদ্ধ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভূইয়া, দোয়া পরিচালনা করেন জেলা বিএনপি’র উপদেষ্টা মাহবুব খান হানিফ।

ঝিনাইদহে জাতীয় সংবিধান দিবস পালিত

ঝিনাইদহে জাতীয় সংবিধান দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে শুক্রবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে। এরপর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা’র সভাপতিত্বে অনুষ্ঠানে জেলা প্রশাসক মনিরা বেগম, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সরকারি কৌসুলী বিকাশ কুমার ঘোষ, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা প্রেসক্লাবের সভাপতি মিজানুর রহমান, পরিবেশবিদ মাসুদ আহম্মেদ সঞ্জু ও এ্যাড. সালমা ইয়াছমিন বক্তব্য রাখেন।

বক্তারা, দেশের মানুষের অধিকার বাস্তবায়নে সর্বস্তরে সংবিধানের সঠিক চর্চা ও জনগণকে সংবিধান সম্পর্কে ধারণা দেওয়ার আহবান জানান।

কোটচাঁদপুরে চাচাত ভাইয়ের দায়ের কোপে চাচাত ভাই আহত

চাচাত ভাইয়ের দায়ের কোপে গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আরেক চাচাত ভাই আব্দুস সামাদ। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের সিঙ্গিয়া গ্রামে।

আব্দুস সামাদের ছেলে আলমগীর হোসেন বলেন, সিঙ্গিয়া মৌজার ১১ শতক জমি নিয়ে দীর্ঘদিন ধরে ঝামেলা চলছিল ইউপি সদস্য আব্দুস সাত্তার চাচার সঙ্গে। বিষয়টি নিয়ে স্থানীয় থানা ও আদালতে মামলা ও হয়েছে কয়েকটি।

ওই মামলা গুলো আদালতে চলমান। এরমধ্যে একটি মামলার আজ তদন্ত ছিল। এ খবরে চাচা আব্দুস সাত্তার সকালে উঠে প্রমান ও দখল শর্ত অপসারণ করছিলেন। এ সময় আমরা বাধা দেওয়ায় আব্দুস সাত্তার সহ সঙ্গীয়রা আমাদের উপর দা,লাঠি নিয়ে হামলা করেন।

এতে করে তাদের দায়ের কোপে গুরুতর আহত হয়েছেন আমার পিতা। এ ঘটনার পর আমরা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বর্তমানে তিনি ওই স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন

রয়েছে। বিষয়টি নিয়ে থানায় মামলাও করবেন বলে জানান আলমগীর হোসেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান বলেন,এ ধরনের ঘটনায় একটা পক্ষ অভিযোগ করতে এসোছিল। আমি তাদেরকে অভিযোগ টি লিখে আনতে বলেছি। তবে এখনো হাতে পায়নি।